# প্রথম বিশ্বযুদ্ধ
# First World War

**প্রেক্ষাপট:** উগ্র জাতীয়তাবাদ, সাম্রাজ্যবাদী দ্বন্দ্ব, অস্ত্র প্রতিযোগিতা, আন্তর্জাতিক নৈরাজ্য ইত্যাদি প্রথম বিশ্বযুদ্ধের মূল কারণ হলেও এর সূচনা ঘটে অস্ট্রিয়ার যুবরাজ ফার্ডিন্যান্ডের হত্যার মধ্য দিয়ে। ১৯১৪ সালের ২৮ জুন অস্ট্রিয়ার যুবরাজ ফার্ডিন্যান্ড ও তার স্ত্রী সোফিয়া বসনিয়ার রাজধানী সারায়েভোতে সফরকালে আততায়ীর গুলিতে নিহত হন। অস্ট্রিয়া এই হত্যাকাণ্ডের সূত্র ধরে ঠিক এক মাস পর ২৮ জুলাই সার্বিয়াকে দায়ী করে সার্বিয়ার বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করে। এ যুদ্ধ সমগ্র বিশ্বব্যাপী ছড়িয়ে পড়ে এবং বিশ্বযুদ্ধের আকার ধারণ করে।

- **প্রথম বিশ্বযুদ্ধ শুরু হয়–** ২৮ জুলাই, ১৯১৪ সালে।
- **প্রথম বিশ্বযুদ্ধ শেষ হয়-** ১১ নভেম্বর, ১৯১৮ সালে।
- **প্রথম বিশ্বযুদ্ধ যে নামে খ্যাত-** The Great War.
- **যুদ্ধের প্রধান কারণ ছিল–** জার্মানদের উগ্র জাতীয়তাবাদ নীতি।

| | |
|---|---|
| **অক্ষ শক্তি** | জার্মানি, অস্ট্রিয়া, হাঙ্গেরি, তুরস্ক, বুলগেরিয়া। |
| **মিত্র শক্তি** | সার্বিয়া, যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, রাশিয়া, ফ্রান্স, ইতালি, জাপান, বেলজিয়াম। |

## প্রথম বিশ্বযুদ্ধের সময় বিভিন্ন দেশের রাষ্ট্রপ্রধান

- **রাশিয়ার জার-** দ্বিতীয় নিকোলাস।
- **জার্মান কাইজার-** দ্বিতীয় উইলিয়াম।
- **ব্রিটেনের প্রধানমন্ত্রী-** হেনরি আসকুইথ ও লয়েড জর্জ।
- **ফ্রান্সের প্রধানমন্ত্রী-** জর্জ ক্লেমেন শো।
- **ইতালির প্রধানমন্ত্রী-** ভিট্টোরিও আর্লান্ডো।
- **যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট-** উড্রো উইলসন।

## ভিন্ন তথ্যে প্রথম বিশ্বযুদ্ধ

- **প্রথম বিশ্বযুদ্ধে মিত্রশক্তির সামরিক বাহিনীর প্রধান ছিলেন–** জেনারেল ফচ।
- **প্রথম বিশ্বযুদ্ধে যুক্তরাষ্ট্র যোগ দেয়-** ৬ এপ্রিল ১৯১৭ (জার্মানির বিরুদ্ধে যুদ্ধ ঘোষণার মাধ্যমে)।
- **জার্মানি যুক্তরাষ্ট্রের যে যুদ্ধ জাহাজটি ডুবিয়ে দেয় তার নাম-** লুসিতানিয়া।
- **'লীগ অব নেশনস' গঠন করা হয়-** প্রথম বিশ্বযুদ্ধের প্রেক্ষিতে।
- **প্রথম বিশ্বযুদ্ধে জার্মানি আত্মসমর্পণ করে-** ১১ নভেম্বর ১৯১৮।
- **বিশ্বযুদ্ধ বিরতি চুক্তি স্বাক্ষরিত হয়-** ১১ নভেম্বর ১৯১৮, প্যারিসে।
- **আনুষ্ঠানিকভাবে প্রথম বিশ্বযুদ্ধের সমাপ্তি হয়-** ১৯১৯ সালে ভার্সাই চুক্তির মাধ্যমে।
- **প্রথম বিশ্বযুদ্ধ বিরতি চুক্তি সম্পাদিত হয়-** জার্মানি ও মিত্রপক্ষের মধ্যে।
- **ভার্সাই চুক্তি স্বাক্ষরিত হয়-** ২৮ জুন ১৯১৯, ফ্রান্সের ভার্সাই নগরীতে।
- **Big Four নামে খ্যাত-** উড্রো উইলসন, লয়েড জর্জ, ক্লেমেন শো এবং আর্লান্ডো।



Scanned with CamScanner

| প্রথম বিশ্বযুদ্ধের ফলাফল | |
|---|---|
| পিস ডিক্রি | ভ্লাদিমির ইলিচ লেনিন যুদ্ধ পরবর্তী সময়ে শান্তি প্রতিষ্ঠার জন্য ১৯১৭ সালে এক কৃষক সম্মেলনে **যুদ্ধ থেকে রাশিয়ার নাম প্রত্যাহারের** যে প্রস্তাব আনেন তাই 'পিস ডিক্রি' হিসেবে পরিচিত। উড্রো উইলসন এই প্রস্তাবের আলোকেই ১৪ দফা ঘোষণা করে।  পিস ডিক্রির প্রস্তাবক লেনিন |
| বেলফোর ঘোষণা | বেলফোর ঘোষণা হলো, ১৯১৭ সালের ২ নভেম্বর ব্রিটিশ ইহুদি সম্প্রদায়ের নেতা ব্যারন রথচাইল্ডের কাছে তৎকালীন ব্রিটিশ পররাষ্ট্রমন্ত্রী **আর্থার জেমস বেলফোরের লেখা একটি চিঠি**, যা ইতিহাসে 'বেলফোর ঘোষণা' নামে পরিচিত। এতে ফিলিস্তিনে **ইহুদিদের জন্য একটি জাতি রাষ্ট্র প্রতিষ্ঠার অঙ্গীকার** করা হয়। চিঠির মূল কপিটি ব্রিটিশ লাইব্রেরীতে সংরক্ষিত আছে। ১৯৪৮ সালের ১৪ মে ফিলিস্তিনিদের মাতৃভূমিতে অবৈধভাবে ইসরাইল রাষ্ট্র প্রতিষ্ঠিত হয়।  **ইসরাইলের প্রথম প্রেসিডেন্ট ছিলেন চাইম ওয়াইজম্যান**  **বেলফোর ও রথচাইল্ডকে লেখা তাঁর পত্র** |
| চৌদ্দ দফা | ৮ জানুয়ারি, ১৯১৮ মার্কিন **প্রেসিডেন্ট উড্রো উইলসন 'চৌদ্দ দফা' ঘোষণা করেন।** চৌদ্দ দফার ১নং দফা ছিল **"শান্তিপূর্ণ ও উন্মুক্ত কূটনীতি"** এবং ১৪নং বা শেষ দফা ছিল **"জাতিপুঞ্জ প্রতিষ্ঠা"**। এর ধারাবাহিকতায় ১৯১৯ সালের ২৮ জুন স্বাক্ষরিত ভার্সাই চুক্তির ফলাফলস্বরূপ 'জাতিপুঞ্জ' বা 'League of Nations' প্রতিষ্ঠিত হয়। |
| ২য় ভার্সাই চুক্তি | প্রথম বিশ্বযুদ্ধ শেষে ১৯১৯ সালের ২৮ জুন ফ্রান্সের ভার্সাই প্রাসাদের হল অব মিররে **জার্মানি এবং মিত্র শক্তিদের মধ্যে একটি চুক্তি স্বাক্ষরিত হয় যা ভার্সাই চুক্তি নামে পরিচিত।**<br>**ফলাফল**<br>➢ আনুষ্ঠানিকভাবে প্রথম বিশ্বযুদ্ধের সমাপ্তি। |



Scanned with CamScanner

| | |
|---|---|
| সেভার্স চুক্তি | অটোমান সাম্রাজ্যকে যুদ্ধের জন্য শাস্তি প্রদান এবং তুরস্কের আত্মসমর্পণ নিয়ে ১৯২০ সালের ১০ আগস্ট ফ্রান্সের প্যারিসের সেভার্স উপশহরে ১৪ টি দেশের মধ্যে একটি চুক্তি স্বাক্ষরিত হয়। এই চুক্তিটি 'সেভার্স চুক্তি' নামে পরিচিত। এই চুক্তিতেই বলা হয়, সিরিয়া ও লেবানন ফ্রান্সের অধীনে চলে যাবে এবং ইরাক ও ফিলিস্তিন ব্রিটেনের অধীনে থাকবে এবং আর্মেনিয়া স্বাধীন রাষ্ট্র হবে। |
| লুজন চুক্তি | ১৯২৩ সালের ২৪ জুলাই সুইজারল্যান্ডের লুজন শহরে একটি চুক্তি স্বাক্ষরিত হয় যা লুজন চুক্তি নামে পরিচিত। এছাড়াও এটি প্রথম বিশ্বযুদ্ধ সমাপ্তকারী চুক্তি হিসেবে পরিচিত। চুক্তিতে একদিকে ছিল উসমানীয় সাম্রাজ্যের উত্তরসূরী তুরস্ক। অন্যদিকে ছিল **ব্রিটেন, ফ্রান্স, ইতালি, জাপান, গ্রিস, রোমানীয়া এবং যুগোস্লাভিয়া।**<br>**ফলাফল:**<br>➢ উসমানীয় খেলাফতের অবসান।<br>➢ উসমানীয় সাম্রাজ্য থেকে তুরস্ককে স্বাধীনতা প্রদান।<br>**নোট:** চুক্তিটির মেয়াদ শেষ হবে ২০২৩ সালে। কেননা আন্তর্জাতিক আইন অনুসারে যে কোন চুক্তির মেয়াদ ১০০ বছর পরে শেষ হয়ে যায়। |
| মহামন্দা<br>বা<br>Great Depression | প্রথম বিশ্বযুদ্ধের প্রভাবে ১৯২৯ থেকে ১৯৩৯ সাল পর্যন্ত মার্কিন শেয়ার বাজারে যে অর্থনৈতিক ধ্বস নামে তাই ইতিহাসে **মহামন্দা** বা **Great Depression** নামে পরিচিত।<br>**নোট:** ১৯২৯ সালের ২৯ অক্টোবর শেয়ার বাজারে সবচেয়ে ভয়াবহ ধ্বস নামার কারণে দিনটিকে 'ব্লাক টুয়েজ ডে' বলা হয়। |
| কয়েকটি সাম্রাজ্যের পতন | **প্রথম বিশ্বযুদ্ধের প্রেক্ষিতে-**<br>➢ জার সাম্রাজ্যের পতন ঘটে ১৯১৭ সালে।<br>➢ অস্ট্রো হাঙ্গেরি সাম্রাজ্যের পতন ঘটে ১৯১৮ সালে।<br>➢ জার্মান সাম্রাজ্যের পতন ঘটে ১৯১৮ সালে।<br>➢ অটোমান সাম্রাজ্যের পতন ঘটে ১৯২২ সালে। |
| যুগোস্লাভিয়া রাষ্ট্র গঠন | প্রথম বিশ্বযুদ্ধের পর খনিজ সম্পদে পরিপূর্ণ সামরিক শক্তিহীন বলকান অঞ্চলের রাষ্ট্রগুলো নিরাপত্তাহীনতায় থাকতো। আন্তর্জাতিক সম্প্রদায় ১৯১৮ সালে বলকান অঞ্চলের সামরিক শক্তিহীন ক্ষুদ্র ৭টি রাষ্ট্র নিয়ে একত্রে Socialist Federal Republic of Yugoslavia সা যুগোস্লাভিয়া নামে একটি রাষ্ট্র গঠন করে দেয়। **১৯৯২ সালে তা আবার ভেঙ্গে দিয়ে প্রথমে ৫টি এবং পরবর্তীতে আরও দুটিসহ মোট ৭টি প্রজাতন্ত্র করা হয়।** |



Scanned with CamScanner

| | |
|---|---|
| নয়া নীতি বা New Deal | **১৯২৯ সালে যুক্তরাষ্ট্রসহ বিশ্বব্যাপী যে অর্থনৈতিক সংকট দেখা** দেয় তার প্রেক্ষিতে তৎকালীন মার্কিন প্রেসিডেন্ট **ফ্রাংকলিন ডি রুজভেল্ট** যে নয়া অর্থনৈতিক ব্যবস্থা প্রবর্তন করেন, সেটাই নয়া নীতি বা **New Deal**।<br>রুজভেল্টের এই নয়া নীতির প্রেক্ষিতে তৎকালীন মার্কিন অর্থ সচিব মিস্টার হোয়াইট একটি পরিকল্পনা দেন যা **White Plan** নামে পিরিচিত। এই প্ল্যানে উল্লেখযোগ্য কয়েকটি সুপারিশ ছিল। এই সুপারিশগুলোর প্রেক্ষিতেই **১৯৪৪ সালে মার্কিন যুক্তরাষ্ট্রের নিউ হ্যাম্পশায়ার অঙ্গরাজ্যের 'ব্রিটন উড্স'-এ জাতিসংঘের মুদ্রা ও আর্থিক সম্মেলন অনুষ্ঠিত হয়।** এই সম্মেলনেই মার্কিন ডলারকে আন্তর্জাতিক মুদ্রা হিসেবে ঘোষণা করা হয়। এই সম্মেলন থেকে উল্লেখযোগ্য ৩টি অর্থনৈতিক প্রতিষ্ঠান গড়ে ওঠে। যথা-<br>➤ বিশ্বব্যাংক (World Bank)।<br>➤ আন্তর্জাতিক মুদ্রা তহবিল (IMF)।<br>➤ বিশ্ব বাণিজ্য সংস্থা (GATT); ১৯৯৫ সাল থেকে WTO। |

## World Bank, IMF ও GATT প্রতিষ্ঠা

**'ব্রিটন উডস' সম্মেলন থেকে উল্লেখযোগ্য ৩টি অর্থনৈতিক প্রতিষ্ঠান গড়ে ওঠে-**

- ব্যাংকিং ব্যবস্থার সুষম বণ্টনের জন্য বিশ্ব ব্যাংক বা World Bank
- মুদ্রা ব্যবস্থার সুষম বণ্টনের জন্য আন্তর্জাতিক মুদ্রা তহবিল বা IMF
- বাণিজ্য ব্যবস্থার সুষম বণ্টনের জন্য বিশ্ব বাণিজ্য সংস্থা বা GATT (১৯৯৫ সাল থেকে WTO)

**এই ৩টি প্রতিষ্ঠানকে একত্রে 'ব্রিটন উডস প্রতিষ্ঠান' বলা হয়।**

## বিগত বছরের প্রশ্ন

১. **মার্কিন প্রেসিডেন্ট উড্রো উইলসন বিখ্যাত হয়েছিলেন কেন?** (DU ঘ' ১৫-১৬)
ক) স্ট্যাচু অব লিবার্টি বক্তৃতা
খ) ১৪ দফা ঘোষণা
গ) অ-হস্তক্ষেপ তত্ত্ব
ঘ) কোনোটিই নয়

২. **প্রথম বিশ্বযুদ্ধের সমাপ্তিতে কোন চুক্তি স্বাক্ষরিত হয়?** (DU খ' ০৪-০৫)
ক) সের্ভাস খ) লুজেন গ) ভার্সাই ঘ) প্যারিস

৩. **প্রথম মহাযুদ্ধ কোন সনে শুরু হয়?** (প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক, ০৮/চবি-খ, ০৬-০৭)
ক) ১৯১৪ খ) ১৯১৮ গ) ১৯৪০ ঘ) ১৯৪৪

৪. **প্রথম বিশ্বযুদ্ধের অবসান হয়-** (MC ০৫-০৬/মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক, ০০)
ক) ১৯১৪ সালের ১০ সেপ্টেম্বর
খ) ১৯১৭ সালের ১৪ আগষ্ট
গ) ১৯১৮ সালের ১১ নভেম্বর
ঘ) ১৯২০ সালের ১৯ জুন

৫. **প্রথম বিশ্বযুদ্ধের সময় আমেরিকার প্রেসিডেন্ট কে ছিলেন?** (জাতীয় সংসদে সচিবালয়ে সহকারী অফিসার-০৬)
ক) রুজভেল্ট খ) আব্রাহাম লিঙ্কন গ) উড্রো উইলসন ঘ) আইসেন হাওয়ার

৬. **বেলফোর ঘোষণা কোন রাষ্ট্রের প্রতিষ্ঠার সঙ্গে সম্পর্কিত?** (DU ঘ' ০৮-০৯)
ক) পাকিস্তান খ) কসোভো গ) ইসরাইল ঘ) কিউবা

**উত্তরমালা**

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১. খ | ২. গ | ৩. ক | ৪. গ | ৫. গ | ৬. গ |



Scanned with CamScanner

# দ্বিতীয় বিশ্বযুদ্ধ
# Second World War

**প্রেক্ষাপট:** প্রথম মহাযুদ্ধের পর সম্পাদিত ভার্সাই চুক্তিতে পরাজিত জার্মানীর ওপর যে সমস্ত অপমানজনক, ভারসাম্যহীন ও নির্যাতনমূলক শর্তাদি চাপিয়ে দেওয়া হয়েছিল, সেগুলো মেনে চলা কোনো দেশপ্রেমিক ও আত্মসম্মান বোধসম্পন্ন জার্মানের পক্ষেই সম্ভব ছিল না। মিত্রপক্ষের এই অদূরদর্শী ও প্রতিহিংসামূলক শর্তাবলি-ই ছিল দ্বিতীয় মহাযুদ্ধের প্রধান কারণ। এই কারণের সঙ্গে যুক্ত হয়েছিল সাম্রাজ্যবাদী প্রতিযোগিতা, অস্ত্র প্রতিযোগিতা এবং জার্মানদের উগ্র দেশপ্রেম ও আর্য আভিজাত্যবোধ। ১৯৩৯ সালের পয়লা সেপ্টেম্বর পোল্যান্ড আক্রমণের মাধ্যমে দ্বিতীয় বিশ্বযুদ্ধের সূচনা হয়। দ্বিতীয় বিশ্বযুদ্ধে আনুমানিক প্রায় ৭ কোটি মানুষের মৃত্যু হয়।

## যুদ্ধের সূচনা

- **দ্বিতীয় বিশ্বযুদ্ধ শুরু হয়-** ১ সেপ্টেম্বর, ১৯৩৯ সালে।
- **দ্বিতীয় বিশ্বযুদ্ধ শেষ হয়-** ২ সেপ্টেম্বর, ১৯৪৫ সালে।
- **দ্বিতীয় বিশ্বযুদ্ধের প্রধান কারণ-** জার্মানির নাৎসিবাদ ও সাম্রাজ্যবাদী মনোভাব।
- **দ্বিতীয় বিশ্বযুদ্ধ সংঘটিত হয়-** অক্ষশক্তি ও মিত্রশক্তিদের মধ্যে।
- **দ্বিতীয় বিশ্বযুদ্ধ শুরু হয়-** এডলফ হিটলার কর্তৃক পোল্যান্ড আক্রমণের মধ্য দিয়ে।

| | |
|---|---|
| **অক্ষশক্তি (Axix Powers)** | জার্মানি, জাপান, ইতালি। |
| **মিত্রশক্তি (Allied Powers)** | রাশিয়া, যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, ফ্রান্স। |

## পক্ষসমূহের রাষ্ট্রপ্রধান

- **জার্মান চ্যান্সেলর-** এডলফ হিটলার।
- **জাপানের রাজা/মিকাডো-** হিরোহিতো।
- **জাপানের প্রধানমন্ত্রী-** প্রিন্স কনোয়ে ও জেনারেল তোজো।
- **ইতালির প্রধানমন্ত্রী-** বেনিতো মুসোলিনি (১৯২২-১৯৪৩)।
  পিয়েত্রো বাডোগ্লাত্ত (১৯৪৩-১৯৪৬)।
- **ব্রিটেনের প্রধানমন্ত্রী-** নেভিল চেম্বারলেন (১৯৩৭-১৯৪০)।
  উইন্সটন চার্চিল (১৯৪০-১৯৪৫)।
  ক্লিমেন্ট এটলী (১৯৪৫-১৯৫১)।
- **ব্রিটেনের রাজা-** ষষ্ঠ জর্জ।
- **যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট-** ফ্রাংকলিন ডি রুজভেল্ট (১৯৩৩-১৯৪৫)।
  হ্যারি এস ট্রুম্যান (১৯৪৫-১৯৫৩)।
- **ফ্রান্সের প্রধানমন্ত্রী-** দালাদিয়ের।



Scanned with CamScanner

## ভিন্ন তথ্যে দ্বিতীয় বিশ্বযুদ্ধ

- দ্বিতীয় বিশ্বযুদ্ধের পিতৃভূমি বলা হয়- রাশিয়াকে।
- দ্বিতীয় বিশ্বযুদ্ধের বাফার স্টেট ছিল- বেলজিয়াম।
- দ্বিতীয় বিশ্বযুদ্ধে ব্রিটিশ অধিনায়ক ছিলেন- বার্নার্ড মন্টোগোমারি।
- মরুভূমিতে যুদ্ধ করে 'ডেজার্ট ব্যাট' উপাধি পান- বার্নার্ড মন্টোগোমারি।
- দ্বিতীয় বিশ্বযুদ্ধে যুক্তরাষ্ট্রের সামরিক বাহিনীর প্রধান ছিলেন- জর্জ মার্শাল।
- দ্বিতীয় বিশ্বযুদ্ধে জার্মানি সামরিক বাহিনীর প্রধান- ফিল্ড মার্শাল রোমেল।
- 'ডেজার্ট ফক্স' বা 'মরুভূমির শিয়াল' নামে পরিচিত- ফিল্ড মার্শাল রোমেল।
- জার্মানির বিরুদ্ধে ব্রিটেন ও ফ্রান্স যুদ্ধ ঘোষণা করে- ৩ সেপ্টেম্বর, ১৯৩৯।
- মার্কিন যুক্তরাষ্ট্র সরাসরি যুদ্ধে যোগদান করে- ৮ ডিসেম্বর, ১৯৪১।
- জার্মানি যুক্তরাষ্ট্রের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করে- ১১ ডিসেম্বর, ১৯৪১।
- দ্বিতীয় বিশ্বযুদ্ধে মার্কিন সামরিক বাহিনীর প্রধান ছিলেন- জর্জ মার্শাল (কিন্তু যুদ্ধ পরিচালনার দায়িত্বে ছিলেন আইজেনহাওয়ার)।
- দ্বিতীয় বিশ্বযুদ্ধ পর্যন্ত কোরিয়া ছিল- জাপানের অধীনে।
- দ্বিতীয় বিশ্বযুদ্ধে মায়ানমার ছিল- জাপানের অধীনে।
- দ্বিতীয় বিশ্বযুদ্ধ চলাকালে যে দেশ 'হলোকোস্ট' এর সাথে জড়িত- জার্মানি।

## পার্ল হারবার আক্রমণ

- দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় মার্কিন নৌ-ঘাঁটি পার্ল হারবার আক্রমণ করে- জাপান।
- পার্ল হারবার হলো- প্রশান্ত মহাসাগরে অবস্থিত যুক্তরাষ্ট্রের হাওয়াই দ্বীপের হুনুলুলুর কাছে অবস্থিত মার্কিন নৌ-ঘাঁটি।
- জাপান পার্ল হারবারে অবস্থিত মার্কিন নৌ-ঘাঁটিতে আক্রমণ করে- ৭ ডিসেম্বর ১৯৪১
- দ্বিতীয় বিশ্বযুদ্ধে মার্কিন যুক্তরাষ্ট্র সরাসরি যুদ্ধে যোগদান করে- ৮ ডিসেম্বর ১৯৪১।

## বিগ থ্রি

- দ্বিতীয় বিশ্বযুদ্ধে বিগ থ্রি নামে পরিচিত- রুজভেল্ট, চার্চিল ও স্ট্যালিন।
- বিগ থ্রির দেশ হিসেবে পরিচিত- যুক্তরাষ্ট্র, ইংল্যান্ড ও রাশিয়া।
- রুজভেল্ট, চার্চিল ও স্ট্যালিনের মধ্যে তেহরান বৈঠক অনুষ্ঠিত হয়- ১৯৪৩ সালে।



যুদ্ধচলাকালীন মার্কিন প্রেসিডেন্ট রুজভেল্ট



যুদ্ধচলাকালীন ব্রিটিশ প্রধানমন্ত্রী চার্চিল



যুদ্ধচলাকালীন রাশিয়ার প্রেসিডেন্ট স্ট্যালিন

B TO B—47



Scanned with CamScanner

## কমনওয়েলথ সমাধিক্ষেত্র

- কমনওয়েলথ সমাধিক্ষেত্র বা War Cemetery হলো- দ্বিতীয় বিশ্বযুদ্ধে নিহত সৈনিকদের সমাধিক্ষেত্র।
- বাংলাদেশে কমনওয়েলথ সমাধিক্ষেত্র- ২টি (কুমিল্লা ও চট্টগ্রাম)।
- কমনওয়েলথ সমাধিক্ষেত্র সার্বিক তত্ত্বাবধান করে- কমনওয়েলথ গ্রেভস কমিশন।
- কমনওয়েলথ গ্রেভস কমিশনের কার্যালয়- লন্ডন, যুক্তরাজ্য।



দ্বিতীয় বিশ্বযুদ্ধে নিহত ব্রিটিশ সৈন্যদের সমাধিক্ষেত্র, কুমিল্লা।



দ্বিতীয় বিশ্বযুদ্ধে নিহত ব্রিটিশ সৈন্যদের সমাধিক্ষেত্র, চট্টগ্রাম।

## হিরোশিমা হামলা

- হিরোশিমার অবস্থান- জাপানের হনসু দ্বীপে।
- হামলার ধরণ- প্রথম পারমাণবিক হামলা।
- নিক্ষেপ করে- মার্কিন যুক্তরাষ্ট্র, ৬ আগস্ট, ১৯৪৫।
- লিটল বয় (Little Boy) নামক পারমাণবিক বোমা নিক্ষেপ করা হয়- জাপানের হিরোশিমাতে।
- নিক্ষেপকারী বিমানের পাইলটের নাম- কর্নেল পল ওয়ারফিল্ড টিবেটস।



Little Boy

- লিটল বয় বহনকারী বিমানের নাম- বি-২৯ সুপারফোর্টেস (অন্য নাম Enola Gay)।

## নাগাসাকি হামলা

- নাগাসাকির অবস্থান- জাপানের কিউসু দ্বীপে।
- হামলার ধরণ- দ্বিতীয় পারমাণবিক হামলা।
- ফ্যাট ম্যান (Fat Man) নামক পারমাণবিক বোমা নিক্ষেপ করা হয়- জাপানের নাগাসাকিতে।
- নিক্ষেপ করে- মার্কিন যুক্তরাষ্ট্র, ৯ আগস্ট, ১৯৪৫।
- নিক্ষেপকারী বিমানের পাইলটের নাম- মেজর চার্লস ডব্লু সুইনি।



Fat Man

- ফ্যাট ম্যান বহনকারী বিমানের নাম- বি-২৯ সুপারফোর্টেস (অন্য নাম Bockscar)।
- 'স্ট্যাটু অব পিস' অবস্থিত- জাপানের নাগাসাকিতে।



Scanned with CamScanner

| দ্বিতীয় বিশ্বযুদ্ধের সাথে জড়িত অপারেশন | |
|---|---|
| অপারেশন ওভারলর্ড | দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় মিত্রবাহিনী নাৎসী নিয়ন্ত্রিত অক্ষবাহিরীর বিরুদ্ধে ইংলিশ চ্যানেল সংলগ্ন ফ্রান্সের নরম্যান্ডি উপকূলে **১৯৪৪ সালের ৬ জুন যে সামরিক অভিযান পরিচালনা করে তার নাম অপারেশন ওভারলর্ড**। নরম্যান্ডির অপারেশন ওভারলর্ডের মাধ্যমে মিত্রবাহিনী বিশাল জয় পায় এবং নাৎসী নিয়ন্ত্রিত অক্ষবাহিনীর পরাজয়ের পর্ব শুরু হয়। যে কারণে **ইতিহাসে ১৯৪৪ সালে ৬ জুনের ঘটনাকে জার্মানির জন্য ডি-ডে (D- Day / Down Day) বলা হয়**। মিত্রবাহিনীর পক্ষে নেতৃত্ব দিয়েছিলেন যুক্তরাষ্ট্রের আইজেন হাওয়ার, আর্থার টেডার ও মন্টেগোমারী এবং অক্ষবাহিনীর নেতৃত্ব দিয়েছিলেন গর্ড ভন রানস্টেড ও আরউইন রোমেল। |
| অপারেশন বারবারোসা | অক্ষশক্তির দেশসমূহ একত্রে মিলে সোভিয়েত ইউনিয়নে যে আক্রমণ করেছিল তার সাংকেতিক নাম অপারেশন বারবারোসা। ২২ জুন, **১৯৪১ হিটলারের নেতৃত্বে সোভিয়েত ইউনিয়নে এই অপারেশন চালানো হয়**। |
| অপারেশন ঈগল | **হিটলারের নেতৃত্বে জার্মান নাৎসী বাহিনী ইতিহাসের সর্বাধিক সংখ্যক বিমান বহর নিয়ে ইংল্যান্ডের উপর যে বিমান হামলা চালিয়েছিল** এই হামলার সাংকেতিক নাম ছিল অপারেশন ঈগল। এই অপারেশনটি পরিচালিত হয় ১৯৪১ সালে। অভিযান পরিচালনা করেন জার্মান বিমান বাহিনীর প্রধান মার্শাল গোয়েরিং। |
| VE-Day | জার্মানির নাৎসী বাহিনী ফ্রান্সের নিকট আত্মসমর্পণ করে ৮ মে, ১৯৪৫। এই দিনটিকে Victory in Europe Day বা VE-Day বলা হয়। |
| D-Day | ১৯৪৪ সালের ৬ জুন অপারেশন ওভারলর্ডের আওতায় মিত্রবাহিনীর বিপুল সংখ্যক সেনা ফ্রান্সের নরম্যান্ডিতে অবতরণ করে। ইতিহাসে এই দিনটিই D-Day নামে পরিচিত। |

## হলোকাস্ট

দ্বিতীয় বিশ্বযুদ্ধে প্রায় ৬০ লক্ষ ইহুদিকে হত্যা করা হয়েছিল। জার্মান নাৎসী বাহিনী এবং তাদের সহযোগীদের দ্বারা ইউরোপীয় ইহুদিদের উপর পরিচালিত গণহত্যার নাম হলোকাস্ট। হলোকাস্ট শব্দটি সর্বপ্রথম ব্যবহার করা হয়েছিল ১৮৯৫ সালে আর্মেনিয়ায় হামিদিয়ান গণহত্যার সময়।



ইহুদি গণহত্যা।



Scanned with CamScanner

## কাতিন গণহত্যা

১৯৪০ সালের এপ্রিল এবং মে মাসে সোভিয়েত ইউনিয়নের গোপন পুলিশ বাহিনী দ্বারা চালিত গণহত্যা-ই 'কাতিন গণহত্যা' নামে পরিচিত। কাতিন গণহত্যাটি সংঘটিত হয় তৎকালীন সোভিয়েত ইউনিয়নের অন্তর্ভুক্ত কাতিন বনে এবং কালিনিন ও খারকিভ কারাগারে। এই গণহত্যায় প্রায় ২২ হাজার পোলিশ বংশোদ্ভূত সরকারি কর্মকর্তা এবং বুদ্ধিজীবীকে হত্যা করা হয়।

## দ্বিতীয় বিশ্বযুদ্ধের সমাপ্তি

- **জার্মানি প্রথম পরাজিত হয়-** রাশিয়ার নিকট।
- **জার্মানি আত্মসমর্পণ করে–** ৮ মে, ১৯৪৫।
- **এডলফ হিটলার আত্মহত্যা করে-** ৩০ এপ্রিল, ১৯৪৫।
- **জাপান আত্মসমর্পণের ঘোষণা দেয়-** ১৪ আগস্ট, ১৯৪৫।

**এডলফ হিটলার ১৯৪৫ সালের ৩০ এপ্রিল বার্লিনের একটি সামরিক ফুয়েরার বাঙ্কারে বান্ধবী ইভা ব্রাউনসহ আত্মহত্যা করেন।**

- **জাপান আত্মসমর্পণ চুক্তি স্বাক্ষর করে-** ২ সেপ্টেম্বর, ১৯৪৫।
- **V-J Day (Victory over Japan)-** ২ সেপ্টেম্বর, ১৯৪৫।
- **D-Day (Down Day/Normandy landings/Operation Neptune)-** ৬ জুন ১৯৪৪।
- **VE-Day (Victory in Europe)-** ৮ মে, ১৯৪৫।
- **ইউরোপে বিজয় দিবস উদযাপন করা হয়-** ৮ মে, ১৯৪৫।
- **আনুষ্ঠানিকভাবে দ্বিতীয় বিশ্বযুদ্ধের পরিসমাপ্তি ঘটে–** ২ সেপ্টেম্বর, ১৯৪৫, জাপান কর্তৃক চুক্তি স্বাক্ষরের মাধ্যমে।
- **'স্ট্যাচু অব পিচ' বা 'শান্তি পার্ক' অবস্থিত-** জাপানের নাগাসাকিতে।
- **'করনারস্টোন অব পিচ' স্মৃতিসৌধটি অবস্থিত-** জাপানের ওকিনাওয়াতে।

## ন্যুরেমবার্গ আদালত

দ্বিতীয় বিশ্বযুদ্ধের বিগ থ্রি হিসেবে পরিচিত যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য ও সোভিয়েত ইউনিয়ন যোদ্ধাপরাধীদের বিচারের ব্যাপারে একমত পোষণ করলে জার্মানির ন্যুরেমবার্গে আন্তর্জাতিক সামরিক আদালত প্রতিষ্ঠা করা হয় যা 'ন্যুরেমবার্গ আদালত' বা 'ন্যুরেমবার্গ ট্রাইব্যুনাল' নামে পরিচিত।

## আনা ফ্রাঙ্কের ডায়েরি




'দ্য ডায়েরি অব আ ইয়াং গার্ল' ওলন্দাজ ভাষায় জার্মান ইহুদি আনা ফ্রাঙ্ক রচিত একটি বিখ্যাত গ্রন্থ। নেদারল্যান্ডসে নাৎসী বাহিনীর অভিযানের সময় আনা ফ্রাঙ্ক ও তাঁর পরিবার দুই বছর একটি বাড়িতে লুকিয়ে ছিলেন। গ্রন্থটিতে আনা ফ্রাঙ্ক তাঁর সেসব দিনলিপির বর্ণনা দিয়েছেন।



Scanned with CamScanner

## এই অধ্যায়ের সাথে জড়িত বিগত বছরের প্রশ্ন

### ঢাকা বিশ্ববিদ্যালয়

১. 'ডি-ডের' সঙ্গে সংশিষ্ট? [DU খ' ১৭-১৮]
ক. প্রথম বিশ্বযুদ্ধ খ. দ্বিতীয় বিশ্বযুদ্ধ
গ. আফগান বিশ্বযুদ্ধ ঘ. ভিয়েতনাম যুদ্ধ

২. হিরোশিমায় নিক্ষেপ করা প্রথম আণবিক বোমার নাম কী? [DU ঘ' ১৭-১৮]
ক. লিটল বয় খ. ফ্যাট ম্যান গ. ব্যাটম্যান ঘ. ফ্যাট ব

৩. দ্বিতীয় বিশ্বযুদ্ধ কখন শুরু হয়? (DU খ' ০৩-০৪; ঘ' ৯৮-৯৯)
ক) ৪ জুলাই ১৯১৪ খ) ১ সেপ্টেম্বর ১৯৩৯
গ) ৪ জুলাই ১৯৪০ ঘ) ১ সেপ্টেম্বর ১৯৪০

৪. হিরোশিমায় নিক্ষিপ্ত আণবিক বোমার নাম- (DU খ' ০৫-০৬)
ক) লিটল বয় খ) ডেস্ট্রয়ার গ) স্কাড ঘ) প্যাট্রিয়ট

৫. যুক্তরাষ্ট্রের তদানীন্তন প্রেসিডেন্ট যিনি জাপানে আণবিক বোমা ফেলার আদেশ দিয়েছিলেন- (DU খ' ০৭-০৮)
ক) হ্যারি ট্রুমান খ) ফ্রাঙ্কলিন রুজভেল্ট
গ) উড্রো উইলসন ঘ) ডুয়াইট আইসেনহাওয়ার

৬. হিরোশিমায় আণবিক বোমা ফেলা হয়েছিল- (DU খ' ০৩-০৪; ৯৬-৯৭, 10 BCS)
ক) ৬ আগস্ট ১৯৪৫ খ) ৭ মে ১৯৪৫ গ) ৬ সেপ্টেম্বর ১৯৪৪ ঘ) ৮ আগস্ট ১৯৪৪

### বি সি এস

৭. জাপান পার্ল হারবার আক্রমণ করে- (12 BCS)
ক) ৭ ডিসেম্বর ১৯৪১ খ) ২৩ জুন ১৯৪২
গ) ৩ ডিসেম্বর ১৯৪২ ঘ) ২৬ জুলাই ১৯৪৩

৮. দ্বিতীয় মহাযুদ্ধে জার্মানি আত্মসমর্পণ করে- (10 BCS)
ক) নভেম্বর ১৯৪২ খ) ফেব্রুয়ারি ১৯৪৩ গ) মে ১৯৪৫ ঘ) সেপ্টেম্বর ১৯৪৫

### মেডিকেল ভর্তি পরীক্ষা

৯. নিম্নের কোন সালে দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় ইতালিয়ান ও জার্মান বাহিনী ব্রিটিশ অধিভুক্ত উত্তর আফ্রিকা আক্রমণ করে? (MC, ০৯-১০)
ক) ১৯৪২ খ) ১৯৪৩ গ) ১৯৪১ ঘ) ১৯৪০

### অন্যান্য বিশ্ববিদ্যালয় ও অন্যান্য চাকুরির পরীক্ষা

১০. 'হলোকাস্ট' বলে চিহ্নিত করা হয় কোনটিকে? (জাবি ১৫-১৬)
ক) গুয়ানতানামোয় বন্দিদের উপর নির্যাতন খ) কৃষ্ণাঙ্গ-শ্বেতাঙ্গ সংঘাত
গ) দ্বিতীয় বিশ্বযুদ্ধকালীন ইহুদি নিধন ঘ) হুতো তুতোসিদের লড়াই

১১. দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় আমেরিকার প্রেসিডেন্ট ছিলেন- (দুর্নীতি দমন ব্যুরোর পরিদর্শক, ০৩)
ক) আইসেন হাওয়ার খ) জন এফ কেনেডি গ) রুজভেল্ট ঘ) রিগান

**উত্তরমালা**

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ১. খ | ২. ক | ৩. খ | ৪. ক | ৫. ক | ৬. ক | ৭. ক | ৮. গ |
| ৯. ঘ | ১০. গ | ১১. গ | | | | | |



Scanned with CamScanner

১২. দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় রাশিয়ার প্রেসিডেন্ট ছিলেন- (প্রা বি প্রধান শিক্ষক-১২)
ক) স্ট্যালিন খ) লেনিন গ) রুজভেল্ট ঘ) হিটলার

১৩. দ্বিতীয় মহাযুদ্ধে জাপান আত্মসমর্পণ করে- (সহকারী জজ নিয়োগ, ০৮)
ক) মে, ১৯৪৫ খ) জুন, ১৯৪৫ গ) জুলাই, ১৯৪৫ ঘ) আগষ্ট, ১৯৪৫

১৪. দ্বিতীয় বিশ্বযুদ্ধ শেষ হয়- (পররাষ্ট্র মন্ত্রণালয়ের কর্মকর্তা-০৪)
ক) ১৯৪৪ সালের ১ সেপ্টেম্বর খ) ১৯৪৫ সালের ২ সেপ্টেম্বর
গ) ১৯৪৫ সালের ৯ আগষ্ট ঘ) ১৯৪৫ সালের ৬ আগষ্ট

১৫. দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর যুদ্ধাপরাধীদের বিচার করা হয়েছিল জার্মানির- (চবি ঙ, ০৩-০৪)
ক) বার্লিনে খ) ন্যুরেমবার্গে গ) হাইডেলবার্গে ঘ) বনে

১৬. দ্বিতীয় বিশ্বযুদ্ধে জার্মানি বাহিনীর নেতৃত্ব দিয়েছিলেন- (জাহাবি C3' 15-16)
ক) হিন্ডবার্গ খ) জেনারেল জোসেফ
গ) লডেনডফ ঘ) জেনারেল আইসেন হাওয়ার

**উত্তরমালা**

| | | | | |
|---|---|---|---|---|
| ১২. ক | ১৩. ঘ | ১৪. খ | ১৫. খ | ১৬. ক |

## জাতিপুঞ্জ (League of Nations)

প্রথম বিশ্বযুদ্ধের পর বিশ্ব নেতারা একটি সার্বজনীন সংগঠনের প্রয়োজনীয়তা উপলব্ধি করেন। এই উপলব্ধি থেকেই মার্কিন প্রেসিডেন্ট উড্রো উইলসন এর **১৪ দফার ভিত্তিতে** প্রতিষ্ঠিত হয় জাতিপুঞ্জ। যুদ্ধ বিরতিসহ বিশ্ব শান্তি প্রতিষ্ঠার লক্ষ্যেই জাতিপুঞ্জ প্রতিষ্ঠা করা হয়েছিল। কিন্তু ১৯৩৯ সালে দ্বিতীয় বিশ্বযুদ্ধ শুরু হয়ে গেলে জাতিপুঞ্জ তার লক্ষ্য ও উদ্দেশ্য পূরণে ব্যর্থ হয়। দ্বিতীয় বিশ্বযুদ্ধের কারণে জাতিপুঞ্জ বিলুপ্ত হলেও প্রতিষ্ঠিত হয় জাতিসংঘ। **জাতিপুঞ্জ জাতিসংঘেরই পূর্বসূরী সংস্থা।**

- **জাতিসংঘের পূর্বসূরী সংগঠনের নাম-** League of Nations বা জাতিপুঞ্জ।
- **প্রতিষ্ঠার উদ্দেশ্য-** প্রথম বিশ্বযুদ্ধের পর বিশ্বশান্তি প্রতিষ্ঠা করা।
- **প্রতিষ্ঠিত হয়-** ১৯২০ সালে।
- **প্রস্তাবক ছিলেন-** মার্কিন যুক্তরাষ্ট্রের ২৮তম প্রেসিডেন্ট উড্রো উইলসন।
- **সদর দপ্তর-** জেনেভা (সুইজারল্যান্ড)।
- **প্রথম মহাসচিব ছিলেন-** স্যার এরিখ ড্রামন্ড (যুক্তরাজ্য)।
- **প্রতিষ্ঠাকালীন সদস্য দেশ ছিল-** ৪২টি।
- **১৪ দফা উত্থাপন করেন-** উড্রো উইলসন।
- **জাতিপুঞ্জ যে চুক্তির অন্তর্ভূক্ত ছিল-** ১৪ দফা।
- **জাতিপুঞ্জের উদ্যোক্তা হয়েও সদস্য ছিল না-** যুক্তরাষ্ট্র।
- **বিলুপ্ত হয়-** ১৯৩৯ সালে (২য় বিশ্বযুদ্ধের শুরুর মাধ্যমে)।
- **আনুষ্ঠানিকভাবে বিলুপ্ত হয়-** ২০ এপ্রিল, ১৯৪৬ সালে।



Scanned with CamScanner

# জাতিসংঘ United Nations

যুদ্ধ বিরতি, বিশ্বশান্তি প্রতিষ্ঠা ও মানবতার কল্যাণের লক্ষ্যে দ্বিতীয় মহাযুদ্ধের পরপর ১৯৪৫ সালের ২৪ অক্টোবর জাতিসংঘ গঠিত হয়। জাতিসংঘ রাতারাতি প্রতিষ্ঠিত হয়ে যায় নি। ১১ টি সম্মেলনের মধ্য দিয়ে জাতিসংঘ প্রতিষ্ঠিত হয়েছে। জাতিসংঘের পাঁচটি সদস্য **(যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, ফ্রান্স, রাশিয়া ও চীন)** এর বিশেষ ক্ষমতা **(Veto Power)** রয়েছে, যে ক্ষমতার বলে এই পাঁচ সদস্যের যে কেউ জাতিসংঘের যেকোন সিদ্ধান্তকে নাকচ করে দিতে পারে।

| প্রতিষ্ঠার ১১ টি সম্মেলন | |
|---|---|
| **লন্ডন ঘোষণা** | ◆ অনুষ্ঠিত হয় ১৯৪১ সালে।<br>◆ ঘোষণা করে ইউরোপের ৯টি দেশের প্রবাসী সরকার।<br>◆ লন্ডনের জেমস প্রাসাদে ঘোষণা করা হয়।<br>◆ জাতিসংঘ প্রতিষ্ঠার প্রথম পদক্ষেপ। |
| **আটলান্টিক সনদ** | ◆ স্বাক্ষরিত হয় ১৯৪১ সালে ।<br>◆ স্বাক্ষর করে ব্রিটিশ প্রধানমন্ত্রী উইন্সটন চার্চিল এবং মার্কিন প্রেসিডেন্ট ফ্রাঙ্কলিন ডি. রুজভেল্ট।<br>◆ স্বাক্ষরিত হয় 'প্রিন্স অব ওয়েলস' নামক ব্রিটিশ রণতরীতে।<br>◆ জাতিসংঘ প্রতিষ্ঠার প্রথম চুক্তি। |
| **ওয়াশিংটন ডিসি সম্মেলন** | ◆ অনুষ্ঠিত হয় ১৯৪২ সালে।<br>◆ আমেরিকার ৩২ তম প্রেসিডেন্ট রুজভেল্ট জাতিসংঘের নামকরণ করেন। |
| **কাসাব্লাঙ্কা সম্মেলন** | ◆ অনুষ্ঠিত হয় ১৯৪২ সালে; মরক্কোর কাসাব্লাঙ্কায়।<br>◆ আফ্রিকার একমাত্র সম্মেলন। |
| **তেহরান সম্মেলন** | ◆ অনুষ্ঠিত হয় ১৯৪৩ সালে; ইরানের তেহরানে।<br>◆ এই বৈঠকে রুজভেল্ট, চার্চিল, স্ট্যালিন (বিগ থ্রি) জাতিসংঘ গঠনে একমত হন।<br>◆ বিশ্বের সকল দেশকে সদস্য হওয়ার আহ্বান জানানো হয়। |
| **মস্কো সম্মেলন** | ◆ অনুষ্ঠিত হয় ১৯৪৩ সালে।<br>◆ ৭-দফা 'মস্কো ডিক্লারেশন' ঘোষণা করে। |
| **ভার্জিনিয়া সম্মেলন** | ◆ অনুষ্ঠিত হয় ১৯৪৩ সালে।<br>◆ ভার্জিনিয়া আমেরিকার একটি অঙ্গরাজ্য।<br>◆ বিশ্ব খাদ্য সংকট নিরসনে FAO গঠিত হয়। |



Scanned with CamScanner

| | |
|---|---|
| ব্রিটন উড্স সম্মেলন | ◆ অনুষ্ঠিত হয় ১৯৪৪ সালে।<br>◆ এই সম্মেলনের সিদ্ধান্তানুযায়ী আন্তর্জাতিক মুদ্রা তহবিল (IMF) এবং বিশ্বব্যাংক জন্ম লাভ করে। এজন্য এ দুটি সংস্থাকে 'ব্রিটন উড্স ইনস্টিটিউট' বলা হয়।<br>◆ আমেরিকার ডলারকে আন্তর্জাতিক মুদ্রায় রূপান্তরিত করা হয়। |
| ডাম্বারটন | ◆ অনুষ্ঠিত হয় ১৯৪৪ সালে।<br>◆ জাতিসংঘের রূপরেখা, নিরাপত্তা পরিষদ গঠন ও স্থায়ী সদস্য নির্বাচন করা হয়। |
| ইয়াল্টা সম্মেলন | ◆ অনুষ্ঠিত হয় ১৯৪৫ সালে।<br>◆ ইয়াল্টা অবস্থিত ইউক্রেনে।<br>◆ ৫টি স্থায়ী সদস্যের 'ভেটো' ক্ষমতা প্রদান করা হয়। |
| সানফ্রান্সিসকো সম্মেলন | ◆ অনুষ্ঠিত হয় ১৯৪৫ সালের ২৫ এপ্রিল- ২৬ জুন।<br>◆ ২৬ জুন ৫০টি দেশের প্রতিনিধিরা সনদে স্বাক্ষর করেন।<br>◆ পোল্যান্ড ৫১ তম দেশ হিসেবে ১৫ অক্টোবর ১৯৪৫ সালে সনদে স্বাক্ষর করে।<br>◆ ২৪ অক্টোবর, ১৯৪৫ সনদ কার্যকর হয়।<br>◆ ২৪ অক্টোবরকে জাতিসংঘ দিবস বলা হয়। |

## জাতিসংঘের মূল উদ্দেশ্য

জাতিসংঘের মূল উদ্দেশ্য ৪ টি। যথা-

- বিশ্বব্যাপী শান্তিরক্ষা।
- জাতিসমূহের মাঝে বন্ধুত্বপূর্ণ সম্পর্ক প্রতিষ্ঠা ও বজায় রাখা।
- দরিদ্র জনগোষ্ঠীর জীবনযাত্রার মান উন্নয়নে সহায়তা করা, ক্ষুধা, রোগ ব্যধি ও অশিক্ষাকে জয় করা এবং পারস্পারিক অধিকার ও স্বাধীনতার প্রতি শ্রদ্ধাবোধকে উৎসাহিত করতে একযোগে কাজ করা।
- জাতিসমূহকে তাদের লক্ষ্য অর্জনে সহায়তাকল্পে একটি ফোরাম হিসেবে কাজ করা।

## জাতিসংঘের সদস্য

- প্রতিষ্ঠাকালীন সদস্য- ৫১ টি।
- প্রতিষ্ঠাকালীন ৫১ তম সদস্য রাষ্ট্র- পোল্যান্ড।
- বর্তমান সদস্য- ১৯৩ টি।
- ১৯৩ তম বা সর্বশেষ সদস্য রাষ্ট্র- দক্ষিণ সুদান।
- দক্ষিণ সুদান সদস্যপদ লাভ করে- ১৪ জুলাই, ২০১১।
- বাংলাদেশ সদস্য- ১৩৬ তম।
- বাংলাদেশ সদস্যপদ লাভ করে- ২৯ তম অধিবেশনে।



Scanned with CamScanner

## সদস্য নয় এবং স্থায়ী পর্যবেক্ষক

- স্বাধীন সার্বভৌম দেশ কিন্তু সদস্য নয়- ভ্যাটিক্যান সিটি ও কসোভো।
- স্থায়ী পর্যবেক্ষক- ভ্যাটিক্যান সিটি ও ফিলিস্তিন।
- তাইওয়ান জাতিসংঘের প্রতিষ্ঠাকালীন সদস্য হলেও ১৯৭১ সালে দেশটি চীনের কাছে তাদের সার্বভৌমত্ব হারায়। ফলে তাইওয়ানকে বাদ দিয়ে চীনকে অন্তর্ভুক্তিক করা হয়।

| জাতিসংঘের উদ্যোক্তা রাষ্ট্র ৪ টি | |
|---|---|
| ♦ যুক্তরাষ্ট্র | ♦ চীন |
| ♦ যুক্তরাজ্য | ♦ রাশিয়া |

## ভাষা

- জাতিসংঘের মোট ভাষা- ৬টি।
- অফিসিয়াল বা কার্যকরী ভাষা- ২টি (ইংরেজি এবং ফরাসি)।

| মোট ভাষা- ৬ টি | |
|---|---|
| ♦ ইংরেজি | ♦ রুশ |
| ♦ ফরাসি | ♦ স্প্যানিশ |
| ♦ চাইনিজ | ♦ আরবি |

- জাতিসংঘের ৭ম দাপ্তরিক ভাষার প্রস্তাব করা হয়- বাংলাকে।

## চাঁদার পরিমাণ

- যে কোন দেশ সর্বোচ্চ দিতে পারে তাদের মোট বাজেটের- ২৫%
- সর্বোচ্চ দেয়- মার্কিন যুক্তরাষ্ট্র- তাদের মোট বাজেটের ২২%
- দ্বিতীয় সর্বোচ্চ দেয় জাপান- ৯.৬৮% এবং চীন দেয়- ৭.২% (তৃতীয়)
- বাংলাদেশ দেয়- দেশের মোট বাজেটের- ০.০১%

## নামকরণ

- জাতিসংঘের নামকরণ করেন- রুজভেল্ট
- নামকরণ করা হয়- ১৯৪২ সালে ওয়াশিংটন ডিসি সম্মেলনে
- জাতিসংঘের মূল সনদ লেখক- আর্কিবেল্ড ম্যাকলিস



জাতিসংঘের নামকরণ করেন
তৎকালীন মার্কিন প্রেসিডেন্ট রুজভেল্ট



জাতিসংঘের মূল সনদ লিখেন
আর্কিবেল্ড ম্যাকলিস



Scanned with CamScanner

## বিশ্ববিদ্যালয়

- জাতিসংঘ বিশ্ববিদ্যালয় (United Nations University- UNU) অবস্থিত- টোকিও, জাপান (১৯৭২)।
- জাতিসংঘ শান্তি বিশ্ববিদ্যালয় (University for Peace-UPEACE) অবস্থিত- কোস্টারিকায় (১৯৮০)।



জাতিসংঘ বিশ্ববিদ্যালয় জাপানের টোকিওতে




জাতিসংঘ শান্তি বিশ্ববিদ্যালয় কোস্টারিকায়

## অধিবেশন

- জাতিসংঘের প্রথম নারী ন্যায়পাল- প্যাট্রিসিয়া ডুরাই (জ্যামাইকা)।
- বার্ষিক অধিবেশন বসে- সেপ্টেম্বর মাসের দ্বিতীয় সপ্তাহের মঙ্গলবার।

## জাতিসংঘ-ভবন

- জাতিসংঘ ভবন বা সদর দপ্তর অবস্থিত- ম্যানহাটান, নিউইয়র্ক, যুক্তরাষ্ট্র।
- যে সাগরের তীরে অবস্থিত- আটলান্টিক মহাসাগর।
- জাতিসংঘ মূলভবনে কার্যক্রম শুরু হয়- ১৯৫২ সালে।
- জাতিসংঘ ভবনের জমিদান করেন- রকফেলার।
- জাতিসংঘ ভবনের প্রধান স্থপতি- অস্কার নাইমিয়ার (ব্রাজিল)।
- নিউইয়র্ক ছাড়া জাতিসংঘে আঞ্চলিক দপ্তর আছে তিনটি-
  - ➢ জেনেভা (সুইজারল্যান্ড), ভিয়েনা (অস্ট্রিয়া), নাইরোবি (কেনিয়া)



নিউইয়র্কে অবস্থিত জাতিসংঘ ভবন



স্থপতি ব্রাজিলের নাগরিক অস্কার নাইমিয়ার



জমিদান করেন রকফেলার

**ভুল নয়, সঠিক তথ্য জানুন :** বাজারে প্রচলিত অনেক বইতে জাতিসংঘ ভবনের স্থপতি দেয়া আছে রকফেলার। কিন্তু প্রকৃত অর্থে জাতিসংঘ ভবনের স্থপতি ছিলেন ৩ জন। যাদের মধ্যে ব্রাজিলের নাগরিক অস্কার নাইমিয়ার ছিলেন প্রধান। জাতিসংঘ ভবনের জমি দান করেন রকফেলার।

[তথ্যসূত্র : উইকিপিডিয়া]



Scanned with CamScanner

## জাতিসংঘের পতাকা ও প্রতীক

- জাতিসংঘ পতাকা গৃহীত হয়- ৭ ডিসেম্বর, ১৯৪৬।
- জাতিসংঘের পতাকার রং- ২টি (নীল ও সাদা)।
- জাতিসংঘের পতাকার নকশা- নীল এর মাঝখানে পৃথিবীর মানচিত্র। আর মানচিত্রের দুইপাশে সাদা রঙের জলপাই গাছের দুটি শাখা রয়েছে।
- জাতিসংঘের প্রতীক ও পতাকার ডিজাইনার- জোনাল ম্যাগলিন (যুক্তরাষ্ট্র)



নীল রঙের মাঝখানে পৃথিবীর মানচিত্র দুইপাশে সাদা রঙের জলপাই গাছের দুটি শাখা।

## জাতিসংঘ ও মানবাধিকার

- জাতিসংঘের মানবাধিকার চুক্তিটি হয়- ১৯৪৮ সালে।
- চুক্তির প্রেক্ষাপট- আরব-ইসরাইলের ১ম যুদ্ধ।
- সার্বজনীন মানবাধিকার ঘোষণা হয়- ১০ ডিসেম্বর, ১৯৪৮ সালে (প্যারিসে)।
- জাতিসংঘ মানবাধিকার কাউন্সিলের সদর দপ্তর- জেনেভা, সুইজারল্যান্ড।
- বিশ্ব মানবাধিকার দিবস- ১০ ডিসেম্বর।
- বিশ্বের সবচেয়ে বড় মানবাধিকার সংস্থা- Amnesty International, লন্ডন, ১৯৬১
- বর্তমান বিশ্বের আলোচিত মানবাধিকার সংস্থা- HRW (হিউম্যান রাইটস্ ওয়াচ)।
- HRW-এর সদর দপ্তর- নিউইয়র্ক, যুক্তরাষ্ট্র।

## জাতিসংঘ সংশ্লিষ্ট সম্মেলন

- প্রথম বিশ্ব নারী সম্মেলন অনুষ্ঠিত হয়- ১৯৭৫ সালে; মেক্সিকো সিটি, মেক্সিকো ।
- দ্বিতীয় বিশ্ব নারী সম্মেলন অনুষ্ঠিত হয়- ১৯৮০ সালে; কোপেনহেগেন, ডেনমার্ক ।
- তৃতীয় বিশ্ব নারী সম্মেলন অনুষ্ঠিত হয়- ১৯৮৫ সালে; নাইরোবি, কেনিয়া।
- চতুর্থ বিশ্ব নারী সম্মেলন অনুষ্ঠিত হয়- ১৯৯৫ সালে; বেইজিং, চীন।
- চতুর্থ বিশ্ব নারী সম্মেলন পরিচিত- 'বেইজিং কনফারেন্স' নামে।
- সবচেয়ে গুরুত্বপূর্ণ নারী সম্মেলন- চতুর্থ বিশ্ব নারী সম্মেলন।
- পঞ্চম বিশ্ব নারী সম্মেলন অনুষ্ঠিত হয়- ২০০০ সালে; নিউইয়র্ক, যুক্তরাষ্ট্র।
- পঞ্চম নারী সম্মেলন পরিচিত- 'বেইজিং + ৫'।



Scanned with CamScanner

## জাতিসংঘ শান্তিরক্ষা মিশন

- **United Nations Peacekeeping Mission-** জাতিসংঘ শান্তিরক্ষা মিশন।
- **গঠিত হয়-** ২৯ মে, ১৯৪৮ সালে (আরব-ইসরাইলের প্রথম যুদ্ধের কারণে)।
- **আন্তর্জাতিক জাতিসংঘ শান্তিরক্ষী দিবস পালিত হয়-** ২৯ মে।
- **প্রথম মিশন পরিচালিত হয়-** ফিলিস্তিনের জেরুজালেমে।
- **প্রথম নিরস্ত্র মিশনের নাম-** UNTSO (United Nations Truce Supervision Organization)।
- **মিশন গঠন করে-** জাতিসংঘের নিরাপত্তা পরিষদ।
- **উদ্দেশ্য-** আন্তর্জাতিক অঙ্গনে বিশ্ব শান্তিপ্রতিষ্ঠার লক্ষ্যে জাতিসংঘ শান্তি রক্ষা মিশন গঠিত হয়।
- **জাতিসংঘ শান্তিরক্ষী বাহিনীর শিরোস্ত্রাণের রং-** নীল।
- **শান্তিরক্ষা মিশনে প্রথম নারী শান্তিরক্ষী নিযুক্ত হয়-** ২০০৭ সালে, লাইবেরিয়ায়।
- **শান্তিরক্ষী মিশনে সৈন্য প্রেরণ করে-** ১২০টি দেশ।
- **জাতিসংঘের শান্তিরক্ষী মিশন শান্তিতে নোবেল পুরস্কার লাভ করে-** ১৯৮৮ সালে।

## জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে বাংলাদেশ

- **বাংলাদেশ শান্তিরক্ষী মিশনের সদস্য হয়-** ১৯৭৯ সালে।
- **বাংলাদেশ শান্তিরক্ষী মিশনে প্রথম যোগদান করে-** ১৯৮৮ সালে।
- **বাংলাদেশ শান্তিরক্ষী মিশনে প্রথম সৈন্য প্রেরণ করে-** ইরাক-ইরান যুদ্ধে (UNIIMOG)।
- **বাংলাদেশ শান্তিরক্ষী মিশনে প্রথম সৈন্য প্রেরণ করে-** ১৫ জন।
- **বাংলাদেশ সেনাবাহিনীর ১৫ জন সদস্য বিমান দুর্ঘটনায় শহিদ হন-** বেনিন।
- **জাতিসংঘ শান্তিরক্ষা মিশনের এশীয় কার্যালয়-** ঢাকায় অবস্থিত।
- **জাতিসংঘ শান্তিরক্ষী মিশনের বাংলাদেশে অবস্থিত প্রশিক্ষণ কেন্দ্রের নাম-** BIPSOT (Bangladesh Institute of Peace Support Operation Training), গাজীপুর।

| বাহিনী | মিশনের সাল | মিশনের নাম |
|---|---|---|
| বাংলাদেশ সেনাবাহিনী | ১৯৮৮ | United Nations Iran-Iraq Military Observer Group (UNIIMOG) [ইরাক-ইরান যুদ্ধে (১ম মিশন)] |
| বাংলাদেশ পুলিশ | ১৯৮৯ | শান্তিরক্ষী মিশনে (১ম যায়- নামিবিয়া) |
| বাংলাদেশ নারী পুলিশ | ১৯৯৯ | শান্তিরক্ষী মিশনে (১ম যায়- তিমুর লিসতে) |
| বাংলাদেশ নারী পুলিশ | ২০১০ | পূর্ণাঙ্গ মিশন নিয়ে শান্তিরক্ষী মিশনে (কঙ্গোতে- ৮১ জন)। নাম ছিল- ফর্মেড পুলিশ ইউনিট |
| বাংলাদেশে নৌ ও বিমান বাহিনী | ১৯৯৩ | শান্তিরক্ষী মিশনে |



Scanned with CamScanner

## জাতিসংঘের সদস্য বাংলাদেশ

- সদস্যপদ লাভের জন্য আবেদন করে- ১৯৭২ সালে।
- পর্যবেক্ষক রাষ্ট্র হিসেবে ছিল- ২ বছর।
- সদস্যপদ লাভ করে– ১৭ সেপ্টেম্বর, ১৯৭৪ সালে।
- যে অধিবেশনে সদস্য পদ লাভ করে– ২৯ তম অধিবেশনে।
- বাংলাদেশ সদস্য– ১৩৬ তম।
- বাংলাদেশের সাথে যে দুটি দেশ সদস্যপদ লাভ করে- গ্রানাডা ও গিনি বিসাউ।

## জাতিসংঘে বঙ্গবন্ধু

- শেখ মুজিবুর রহমান সাধারণ পরিষদে বাংলায় ভাষণ দেন– ২৫ সেপ্টেম্বর, ১৯৭৪; ২৯ তম অধিবেশনে।

## জাতিসংঘে বাংলাদেশের প্রতিনিধি

- প্রথম স্থায়ী প্রতিনিধি ছিলেন– এস. এ. করিম।
- প্রথম নারী স্থায়ী প্রতিনিধি ছিলেন– ইসমত জাহান।
- জাতিসংঘ মহাসচিবের সহকারি আন্ডার সেক্রেটারি জেনারেল- আমিরাহ হক (১ম বাংলাদেশী নারী)।
- সিডো কমিটির প্রথম বাংলাদেশি সদস্য ছিলেন- সালমা খান।
- বাংলাদেশ UNGA-এর অধিবেশনে সভাপতির দায়িত্ব পালন করে- ১৯৮৬ সালে, ৪১তম অধিবেশনে।
- বাংলাদেশের পক্ষে সাধারণ পরিষদে সভাপতিত্ব করেন– হুমায়ুন রশীদ চৌধুরী ( ১৯৮৬ সালে)।
- বাংলাদেশ জাতিসংঘের নিরাপত্তা পরিষদের অস্থায়ী সদস্য নির্বাচিত হয়– ২ বার।
  - প্রথমবার ১৯৭৯-১৯৮০ সালের জন্য
  - দ্বিতীয়বার ২০০০-২০০১ সালের জন্য
- বাংলাদেশ নিরাপত্তা পরিষদে সভাপতিত্ব করে দুইবার- মার্চ, ২০০০ এবং জুন, ২০০১ সালে।
- ফারাক্কা বিষয় প্রথম উত্থাপিত হয়– ১৯৭৬ সালে (৩১ তম অধিবেশনে)।
- উপমহাদেশ থেকে এ পর্যন্ত জাতিসংঘের সাধারণ পরিষদে সভাপতি নির্বাচিত হন– ৩ জন (হুমায়ুন রশীদ চৌধুরী, বিজয়লক্ষ্মী পন্ডিত, স্যার জাফরুল্লাহ)



হুমায়ুন রশীদ চৌধুরী
বাংলাদেশ



বিজয়ালক্ষ্মী পন্ডিত
ভারত



স্যার জাফরুল্লাহ
পাকিস্তান



Scanned with CamScanner

## ০১ সাধারণ পরিষদ

- সাধারণ পরিষদ- General Assembly.
- সাধারণ পরিষদের অপর নাম- আলোচনা পরিষদ।
- সাধারণ পরিষদের প্রথম অধিবেশন অনুষ্ঠিত হয়- ১০ জানুয়ারি, ১৯৪৬।
- সাধারণ পরিষদের প্রথম অধিবেশন অনুষ্ঠিত হয়- সেন্ট্রাল হল, ওয়েস্ট মিনিস্টার, লন্ডন
- বার্ষিক অধিবেশন শুরু হয়- সেপ্টেম্বর মাসের দ্বিতীয় সপ্তাহের মঙ্গলবার।
- সাধারণ পরিষদের প্রধানকে বলে- সভাপতি; সভাপতির মেয়াদ ১ বছর।
- সাধারণ পরিষদের সহ-সভাপতি নির্বাচিত করা হয়- ২১ জনকে।
- সাধারণ পরিষদের প্রথম সভাপতি- পল হেনরি স্পাক (বেলজিয়াম)।
- সাধারণ পরিষদের প্রথম নারী সভাপতি- বিজয়লক্ষ্মী পণ্ডিত (ভারত)।
- সাধারণ পরিষদে সভাপতির দায়িত্ব পালনকারী একমাত্র বাংলাদেশি- হুমায়ুন রশিদ (৪১তম অধিবেশনে)।
- জাতিসংঘের প্রত্যেক দেশ যে পরিষদের সদস্য- সাধারণ পরিষদ; সাধারণ পরিষদের অধিবেশনে প্রতিটি দেশ সর্বোচ্চ ৫ জন প্রতিনিধি পাঠাতে পারে।

| সাধারণ পরিষদের গুরুত্বপূর্ণ কাজ | |
|---|---|
| ➤ সাধারণ পরিষদের সভাপতি নির্বাচন | ➤ সদস্য রাষ্ট্রের চাঁদার পরিমাণ নির্ধারণ |
| ➤ মহাসচিব নিয়োগ | ➤ অঙ্গ সংস্থার সদস্য নির্বাচন |
| ➤ সদস্য দেশকে বহিষ্কার | ➤ নিরাপত্তা পরিষদের অস্থায়ী সদস্য নির্বাচন |
| ➤ জাতিসংঘের বাজেট পাস | ➤ অন্যান্য সংস্থার বার্ষিক রিপোর্ট পর্যালোচনা। |

## ০২ নিরাপত্তা পরিষদ

- নিরাপত্তা পরিষদ- Security Council.
- নিরাপত্তা পরিষদের অপর নাম- স্বস্তি পরিষদ।
- নিরাপত্তা পরিষদের সদর দপ্তর- নিউইয়র্ক, যুক্তরাষ্ট্র।
- প্রতিষ্ঠাকালীন সদস্য ছিল- ১১টি (স্থায়ী ৫টি এবং অস্থায়ী ৬টি)।
- বর্তমানে মোট সদস্য- ১৫টি দেশ (স্থায়ী ৫টি এবং অস্থায়ী ১০টি)।
- অস্থায়ী সদস্য দেশের মেয়াদ- ২ বছর।
- সর্বাধিক অস্থায়ী সদস্য নির্বাচিত হয়েছে- জাপান (১১ বার)।
- নিরাপত্তা পরিষদের সভাপতির মেয়াদকাল- ১ মাস।
- বাংলাদেশ অস্থায়ী সদস্য ছিল- ২ বার (১৯৭৯-৮০ ও ২০০০-০১ সাল)।
- প্রধান দায়িত্ব- আন্তর্জাতিক বিরোধের নিষ্পত্তি এবং বিশ্ব শান্তি ও নিরাপত্তা রক্ষা।
- Veto Power রয়েছে- ৫টি স্থায়ী সদস্য (Permanent Five-P5) দেশের। স্থায়ী সদস্য ৫ দেশ হলো- যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, রাশিয়া, ফ্রান্স এবং চীন।
- ভেটো (Veto) শব্দের অর্থ- আমি মানি না; ভেটো শব্দটি ল্যাটিন ভাষা থেকে আগত।



Scanned with CamScanner

## G4 Vs Coffee Club

- **G-4 Nations এর অন্তর্ভুক্ত-** জাপান, জার্মানি, ব্রাজিল ও ভারত।
- **গঠিত হয়-** ২০০৫ সালে।
- **উদ্দেশ্য-** নিরাপত্তা পরিষদের স্থায়ী সদস্যপদ চায়।

নিরাপত্তা পরিষদের স্থায়ী আসনের সম্ভাব্য সম্প্রসারণের বিরোধিতা করে ইতালির নেতৃত্বাধীন Coffee Club এর ৯টি দেশ (ইতালি, কানাডা, দক্ষিণ কোরিয়া, স্পেন, তুরস্ক, মেক্সিকো, আর্জেন্টিনা, পাকিস্তান ও মাল্টা)।

## ০৩ অছি পরিষদ

- **অছি পরিষদ-** Trusteeship Council.
- **গঠন করা হয়-** ১৯৪৫ সালে।
- **কার্যক্রম স্থগিত হয়-** ১৯৯৪ সালে পালাউ এর স্বাধীনতার পর থেকে ।
- **কাজ-** উপনিবেশের অধীন দেশগুলোকে স্বাধীন করা।

## ০৪ অর্থনৈতিক ও সামাজিক পরিষদ

- **অর্থনৈতিক ও সামাজিক পরিষদ-** Economic & Social Council (ECOSCO)
- **বছরে অধিবেশন অনুষ্ঠিত হয়-** ২ বার; প্রতিটি অধিবেশন একমাস স্থায়ী হয়।
- **অধিবেশন দু'টি বসে-** একটি সুইজারল্যান্ডের জেনেভায়, অপরটি যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে।
- **সদস্য দেশ-** ৫৪ টি; প্রতি বছর এক তৃতীয়াংশ অবসর গ্রহণ করে।
- **কাজ-** জীবনযাত্রার মান উন্নয়ন, বেকার সমস্যা সমাধান, শিক্ষা প্রসার ও মানবাধিকারসহ বিভিন্ন কল্যাণমূলক কাজ।
- **আঞ্চলিক কমিশন-** ৫টি। যথা-

| আঞ্চলিক কমিশন | সদর দপ্তর |
|---|---|
| Economic Commission of Europe (ECE) | জেনেভা, সুইজারল্যান্ড |
| Economic Commission of Africa (ECA) | আদ্দিস আবাবা, ইথিওপিয়া |
| Economic Commission for Latin America and the Carribbean (ECLAC) | সান্টিয়াগো, চিলি |
| Economic and Social Commission for Asia and the Pacific (ESCAP) | ব্যাংকক, থাইল্যান্ড |
| Economic and Social Commission for Western Asia (ESCWA) | বৈরুত, লেবানন |



ইথিওপিয়ার আদ্দিস আবাবায় অবস্থিত জাতিসংঘের আঞ্চলিক কমিশন।



